উপজেলা পরিষদ

ফেঞ্চুগঞ্জ, সিলেট

উপজেলা পরিষদের নভেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ **বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নূরুল ইসলাম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ২৭-১১-২০২৩ খ্রি. সকাল : ১১.৩০টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, নভেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই।	কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত নভেম্বর ২০২৩ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়	উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০২	উপজেলার কমিটিসমূহের সুপারিশ	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি।
০৩	দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়।	বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর।
০৪	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডা. শাহ এমাজুর রহমান সভায় জানান গত মাসে বর্হিবিভাগে ৭০১৪ জন এবং আন্তঃবিভাগে ৯৮০জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। গতমাসে ৬৮জন রোগীর নরমাল ডেলিভারী সেবা দেয়া হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
০৫	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান অক্টোবর ২০২৩ মাসে খাবার বড়ি ২২জন, কনডম ১৪জন, ইনজেকটেবল ২১ জন, আইইউডি ১জন ও ইমপ্লান্ট ৫জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
০৬	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান কৃষি প্রণোদনা এর আওতায় রবি ফসলের আবাদ বৃদ্ধির জন্য ৮টি ফসলের বিপরীতে ২৫৮০জন কৃষককে সার ও বীজ বিতরণ করা হয়। বোরো ধানের হাইব্রিড ও বীজের প্রণোদনা ইতিমধ্যে ২৮০০ জনকে বিতরণ করা হয়। বোরো উফলা প্রণোদনা বিতরণ করা চলমান ১৮০০জন কৃষক। তিনি আরোও বলেন উপজেলা পরিষদের সরকারি বাসায় দুটি কক্ষে রাখা কিছু কৃষি যন্ত্রপাতি যা প্রায় নষ্ট হয়ে গিয়াছে এসব মালামাল যেহেতু ব্যবহার অনুপযোগী সেহেতু তা একটি নিলাম কমিটি গঠনের মাধ্যমে নিলাম করার জন্য সভায় আলোচনা করা হয়।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। উপজেলা পরিষদের সরকারি বাসায় দুটি কক্ষে রাখা কিছু পরিত্যক্ত কৃষি যন্ত্রপাতি নিলাম কমিটির মাধ্যমে বিক্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার

চলমানপাতা -০২

০৭	প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান মাঠ পর্যায়ে গবাদি পশুর টিকা প্রদান ১৬০ মাত্রা এবং পোল্ট্রি টিকা প্রদান ১৪১৬৬ মাত্রা। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৮	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার সভায় জানান মৎস্য খাদ্য বিক্রেতার ক্যাটাগরি ৩ (ক) ও ৩ (খ) এর আওতায় বিক্রয় প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক ০৪টি লাইসেন্স নবায়নের আবেদন অগ্রগামী করা হয়েছে। এছড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য অফিসার
০৯	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তয়বায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার/ রক্ষনাবেক্ষন টিআর/উপজেলা ওয়ারী ২য় পর্যায় তালিকাসহ রেজুলেশন জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় হতে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। তাছাড়া টিআর/কাবিটা/কাবিখা প্রিওয়ার্ক গ্রহণ মাপ শুরু করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১০	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান প্রতিবন্ধকতা জরিপ, ঋণ ও ভাতা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়	উপজেলা সমাজসেবা অফিসার
১১	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় প্রান্তিক মূল্যায়ন চলমান রয়েছে। অনলাইনে নিয়মিত বিদ্যালয় সমূহ পরিদর্শন চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১২	মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক অফিসারের প্রতিনিধি সভায় জানান অন্বেষন বাংলাদেশ ২০২৩ শীর্ষক কর্মসূচীর আওতায় ফেঞ্চুগঞ্জ উপজেলা থেকে উপজেলা বাছাই কমিটির মাধ্যমে শ্রেষ্ট জয়িতা নির্বাচন করে জেলা পর্যায়ে পাঠানো হয়েছে। প্রতিবছরের ন্যায় এ বছর বেগম রোকেয়া দিবস ও উপজেলা পর্যায়ে শ্রেষ্ট জয়িতাদের সম্মাননা প্রদানের জন্য বেগম রোকেয়া দিবস যথাযথ মর্যাদায় পালন করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার
১৩	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান ১ নভেম্বর জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। জাতীয় দিবস উপলক্ষে যুবদের প্রশিক্ষণ ভাতা ও সনদপত্র বিতরণ করা হয়। ৮জন কর্ম প্রত্যাশী যুবদের মাঝে ৪০,০০০/- টাকা করে মোট ৩,২০,০০০/- টাকা বিতরণ করা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
১৪	জনস্বাস্থ্য বিভাগ	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন: ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৪র্থ পর্যায়ের) ২০২২-২৩ অর্থ বছরের আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ এর মধ্যে ১০৭টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ২। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৫ম পর্যায়ের) ২০২৩-২৪অর্থ বছরের আওতায় ১৩০টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। ৩। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (৪র্থ পর্যায়) ২০২২-২৩ অর্থবছরের আওতায় বরাদ্দকৃত ৩১১টি নলকূপ এর মধ্যে ২১১টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৪। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (৫ম পর্যায়) ২০২৩-২৪ অর্থ বছরে ৬০টি নলকূপ পাওয়া গিয়াছে এর মধ্যে ৬টি নলকূপ এর কাজ হয়েছে। অবশিষ্ট কাজ চলমান ।৫। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" এর আওতায় বরাদ্দকৃত ইম্প্রভড ল্যাট্রিন এর মধ্যে ৩০টির নির্মাণ কাজ চলমান। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৫	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার

চলমানপাতা -০৩

১৬	উপজেলা প্রকৌশলীর বিভাগ	উপজেলা প্রকৌশলীর সভায় জানান উপজেলা পরিষদের দপ্তরের কার্যক্রম স্বভাবিকভাবে চলছে।	০১ হতে ০৫নং প্রকল্পসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পিআইসি'র কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী
১৭	বিআর ডিবি বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৮	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা সমবায় অফিসার
১৯	বন বিভাগ	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।	সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা
২০	পল্লী সঞ্চয় ব্যাংক	পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক, সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক
২১	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান বর্তমান আমন সংগ্রহ/২৩-২৪ মৌসুমে ১৮০ মে.টন ধান এবং ৫৩ মে.টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। আগ্রহী কৃষককে সরকারি খাদ্যগুদামে ধান বিক্রয়ে উদ্বুদ্ধ করার জন্য সভার সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট
২২	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট
২৩	তথ্য আপা	তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। উঠান বৈঠক তথ্য প্রযুক্তি সেবাসহ স্বাস্থ্যসেবা নির্দেশনা মোতাবেক প্রদান করা হচ্ছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	তথ্য সেবা কর্মকর্তা
২৪	বিবিধ-০১	ক) সম্মানী ভাতা সংক্রান্তঃ উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নভেম্বর/২৩ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২৩ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। খ) মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ উপজেলা পরিষদের একজন মালী ৫৫০হারে নভেম্বর/২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০হারে নভেম্বর/২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়।	উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট
	বিবিধ-০২	গ) আপ্যায়ন বিল সংক্রান্তঃ নভেম্বর ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়।	সভার আলোচনান্তে গ নং বিল উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ
	বিবিধ-০৩	গ) আপ্যায়ন বিল সংক্রান্তঃ নভেম্বর ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়।	সভার আলোচনান্তে গ নং বিল উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ

চলমানপাতা -০৪

	বিবিধ-০৪	ঙ) **বিজয় দিবসঃ** উপজেলা নির্বাহী অফিসার আগামী ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন সুন্দর ও সুষ্ঠুভাবে পালন করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী জাতীয় দিবস উদযাপন বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে। সেই মোতাবেক মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে ৩৭,৫০০/-(সাঁইত্রিশ হাজার পাঁচশত) টাকা অগ্রীম উত্তোলন করা প্রয়োজন বলে সভায় জানান। সভায় আলোচনান্তে সবই একমত পোষন করেন।	১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন এর ব্যয় করার জন্য অগ্রীম উত্তোলন বাবদ উপজেলা রাজস্ব তহবিল হতে ৩৭,৫০০/-(সাঁইত্রিশ হাজার পাঁচশত) জনাব সৌরভ চৌধুরী সৈকত, অফিস সহকারির নামে চেক প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ
	বিবিধ-০৫	চ) **জীপ গাড়ির জ্বালানী বিল প্রদানঃ** উপজেলা চেয়ারম্যানের ব্যবহৃত জীপ গাড়ির জ্বালানী বিল বাবদ অক্টোবর ২০২৩ মাসের সিএনজি জ্বালানী বিল বাবদ ১১,৯৯৬/- ১৩.৫০লি বাবদ ১,৭৫৫/-, সবমোট জ্বালানী বিল বাবদ (১১,৯৯৬+১,৭৫৫)=১৩,৫৭১/-(তেরো হাজার পাঁচশত একাত্তর) টাকার বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। উক্ত বিল পরিশোধ করার জন্য সবাই একমত পোষন করেন।	সভায় আলোচনান্তে সিএনজি, লুব্রিকেন্ট, অকটেন ও মবিল এর জ্বালানী বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বস্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ
	বিবিধ-০৬	ছ) **বীর মুক্তিযোদ্ধা আবঃ রহমান রাস্তাটি নামকরণ স্থগিতকরণ সংক্রান্তঃ** অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভাকে গত জুন ২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় আটঘর গ্রামের রাস্তা হইতে দামড়িয়ার হাওর পর্যন্ত রাস্তাটির নাম "বীর মুক্তিযোদ্ধা আঃ রহমান" নামে রাস্তাটি নামকরণ করা হয়েছিল কিন্তু বর্তমানে উক্ত রাস্তাটির নামকরণ নিয়ে অন্যান্য মুক্তিযোদ্ধাদের আপত্তি থাকায় রাস্তাটি নামকরণ স্থগিত করা প্রয়োজন।	"বীর মুক্তিযোদ্ধা আঃ রহমান" নামে রাস্তাটি নামকরণ করা হয়েছিল। কিন্তু উক্ত রাস্তার উপর অন্যান্য মুক্তিযোদ্ধাদের আপত্তির কারণে রাস্তাটি নামকরণ স্থগিত করার জন্য সভায় সর্বস্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ

সভাপতির সমাপনী বক্তব্য ঃ অদ্যকার সভায়, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের উপজেলা চেয়ারম্যান ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নূরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1990@gmail

স্মারক নং ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০০১.২৩.৭৮৭ তারিখঃ ২৭ নভেম্বর ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা..... অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ....., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

২৭/১১/২০২৩

(ফারজানা প্রিয়াংকা)
উপজেলা নিবাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎ ০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ
০২	জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ
০৩	জনাব জুবেদ আহমদ চৌধুরী শিপু, চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৪	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৫	জনাব আবজাল হোসাইন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব ফারজানা প্রিয়াংকা, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ
০২	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ এর প্রতিনিধি ডা. শাহ এমাজুর রহমান
০৩	ডা. হামিদা বেগম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৪	জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৫	ডা. ইকবাল হোসেন, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৬	জনাব উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জনাব রাসেদ, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ
০৭	জনাব মিলন কান্তি রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৮	জনাব জনি রঞ্জন দে, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৯	জনাব শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ
১০	জনাব সৈয়দ নুরুল হুদা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ
১১	জনাব ফারহানা বিনতে রশীদ, উপজেলা মৎস্য অফিসার, ফেঞ্চুগঞ্জ
১২	জনাব আব্দুল্লাহ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ফেঞ্চুগঞ্জ
১৩	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ এর প্রতিনিধি জনাব মোঃ রেজাউল করিম
১৪	জনাব ইব্রাহীম ভূইয়া, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ জাকির হোসেন
১৬	জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৭	জনাব মোঃ ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ
১৮	জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৩	জনাব রোবিনা আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৪	জনাব নাহিদ হাসান চৌধুরী, সদস্য, জেলা পরিষদ, সিলেট
১৫	জনাব মোহাম্মদ এমরান হুসেন, ইউডিএফ, ফেঞ্চুগঞ্জ

সভায় জনপ্রতিনিধিদের অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব তৈফুর রহমান শাহিন, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি
০২	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট